যুগান্তর

JUL 1 1 2002

তারিখ ......
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাবি ছাত্রলীগের ১০১ সদস্যের কমিটি হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নয়া কমিটি ১০১ সদস্যে উন্নীত করা হচ্ছে। আগামী শনিবারের মধ্যে গঠন প্রক্রিয়া সম্পন্ন হবে বলে দলীয় একাধিক সূত্র জানিয়েছে।

কমিটি : পৃষ্ঠা : ৭ কলাম : ৮

## কমিটি : ছাত্রলীগের

(৩য় পৃষ্ঠার পর)

সম্মেলন অনুষ্ঠানের ৩ দিনের মাথায় গত মঙ্গলবার ৮৩ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষিত হয়। কমিটি ঘোষণার পর পদ-বঞ্চিত নেতাকর্মীরা গতকাল মধুর কেন্টিনে নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের কাছে নালিশ করেন। অনেকে কৈফিয়তও চান। এ সময় তাদেরকে আশ্বস্ত দেখা গেছে। তবে কোনরূপ গোলযোগ হয়নি।

আওয়ামী লীগের হাইকমান্ডের নির্দেশে সদ্য বিলুপ্ত ৪১ সদস্যবিশিষ্ট কমিটির পরিবর্তে ১০১ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করার কথা থাকলেও ৮৩ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষিত হয়। বাকি ১৮টি পদ সভাপতি ও সাধারণ সম্পাদকের জন্য বরাদ্দ রাখা হয়েছে বলে জানা গেছে। যুগ্ম সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে আরও ২ জন করে ৪ জনসহ নতুন কয়েকটি সম্পাদকীয় ও সহ-সম্পাদকীয় পদ সৃষ্টি করে শূন্যপদগুলো পূরণ করা হবে। তবে কোন সদস্যপদ বৃদ্ধি করা হবে না বলে নতুন সভাপতি দেলোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু জানিয়েছেন।